# পূর্ব বর্ধমান জিলা পরিষদ

## কারিগরি বিভাগ

## কোর্ট কম্পাউন্ড, পূর্ব বর্ধমান , পিন- ৭১৩১০১

## (দ্বিতীয় দফা দরপত্র ডাকার নোটিশ)

স্মারক সংখ্যা:- ১৭৩৯ তারিখ ৩০/৮/২০২৪

এতদ্বারা সর্বসাধারনকে জানানো যাচ্ছে যে, পূর্ব বর্ধমান জিলা পরিষদের পরিচালনাধীন নিম্নলিখিত পুকুর/বিল/জলাশয়গুলি ১ নভেম্বর ২০২৪ থেকে ৩০শে অক্টোবর ২০২৯ পর্যন্ত পাঁচ বৎসরের ইজারা বিলির জন্য আবেদন পত্র আহ্বান করা হচ্ছে।

| ক্রমি নং | পুকুরের নাম | ব্লকের নাম | গ্রাম পঞ্চায়েতের নাম | নুন্যতম বাৎসরিক দর (টাকা) | আমানত বাবদ অগ্রিম জমা ( টাকা ) | লীজের মেয়াদ কাল |
|---|---|---|---|---|---|---|
| ১ | পাঁডুই পুকুর | মেমারী-১ | মেমারী পৌরসভা | ৬০,০০০/- | ১২,০০০/- | পাঁচ বৎসর |
| ২ | নতুন পুকুর | মেমারী-১ | বিজুর-২ | ৬০,০০০/- | ১২,০০০/- | |
| ৩ | বড় তাল পুকুর | জামালপুর | চকদিঘি | ৭৫,০০০/- | ১৫,০০০/- | |
| ৪ | তিলিপুকুর | কেতুগ্রাম-২ | বিল্লেশ্বর | ২০,০০০/- | ৪,০০০/- | |
| ৫ | মাটিকাটা পুকুর | কেতুগ্রাম-২ | কেতুগ্রাম | ২০,০০০/- | ৪,০০০/- | |
| ৬ | তালবোনা পুকুর | কাটোয়া-১ | সুদপুর | ৩০,০০০/- | ৬,০০০/- | |
| ৭ | চামচা পুকুর | কাটোয়া-২ | সিঙ্গি | ৫০,০০০/- | ১০,০০০/- | |

উক্ত পুকুর/বিল/জলাশয় ইজারা নিতে ইচ্ছুক প্রাইমারী ফিসারমেনস কো অপারেটিভ সোসাইটি /ফিস প্রোডকসন গ্রুপ/স্ব -নির্ভর গোষ্ঠী (পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর দ্বারা স্বীকৃত গ্রেড -১ পাশ) এবং ব্যক্তি বিশেষকেও লীজে অংশ গ্রহণের সুযোগ দেওয়া হবে। নিম্ননির্ধারিত তারিখ , সময় স্থান অনুযায়ী লিখিত বাৎসরিক দরপত্র প্রদানের জন্য অনুরোধ করা হচ্ছে। উক্ত লীজে উল্লিখিত সময়ে ও স্থানে নিজ নিজ আবেদনপত্র সাদা কাগজে অথবা নিজস্ব প্যাডে লিখে জিলা পরিষদের জিলা বাস্তুকার মহাশয়ের কক্ষে নির্ধারিত বক্সে জমা দিবেন। খামের উপর লীজে অংশগ্রহণকারী নাম /ঠিকানা এবং যে পুকুর/বিল/জলাশয় এর জন্য দরপ্রদান করা হচ্ছে তার নাম পরিস্কার করে লিখে জমা করতে হবে।

ইচ্ছুক ব্যক্তিগনকে দরপত্র জমা দিবার পূর্বে পুকুর/বিল/জলাশয় এর অবস্থান, প্রকৃতি, উভয় দিকের পুকুর পাড় ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হইবে। পরে এই বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না

প্রকাশ থাকে যে , উল্লিখিত পরিমান অর্থ আমানত বাবদ অগ্রিম জমা কার্যকাল মেয়াদ পর্যন্ত রাখতে হবে। যারা আমানত বাবদ অগ্রিম জমা টাকা আবেদন পত্রের সঙ্গে জমা করবেন কেবলমাত্র তারাই ওপেন বিড-এ অংশ নিতে পারবেন। আমানত বাবদ অগ্রিম জমা টাকা ব্যাঙ্ক ড্রাফট মারফত District Engineer , Purba Bardhaman Zilla Parishad (Payable at Burdwan ) অথবা নগদে জমা করতে পারবেন।

প্রকাশ থাকে যে, এই বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্দিষ্ট পরিমান নূন্যতম অর্থের কমে দরপত্র গ্রহণ করা হবে না।

আবেদন পত্র জমা দেবার শেষ তারিখ :- ০১/১০/২০২৪ থেকে ২৮/১০/২০২৪ বেলা ১১.০০ থেকে ৪.০০ ঘটিকা পর্যন্ত (ছুটির দিন বাদে) ।

দরপত্র খোলার তারিখ/সময়/স্থান :- ২৯/১০/২০২৪ বেলা ১২.০০ ঘটিকা , জিলা বাস্তুকার , পূর্ব বর্ধমান জিলা পরিষদ মহাশয়ের কক্ষ।

যে সমস্ত নিয়মে / শর্তাবলীতে নিলাম ডাকা হইবে তা সংক্ষেপে নিম্নে প্রদত্ত হইল:

১. পূর্ব বর্ধমান জিলা পরিষদ পরিচালনাধীন উল্লিখিত সকল পুকুর /বিল/ জলাশয় ১ নভেম্বর ২০২৪ থেকে ৩০শে অক্টোবর ২০২৯ পর্যন্ত অর্থাৎ পাঁচ বছরের বন্দোবস্ত দেওয়া হবে। উক্ত পুকুর /বিল/ জলাশয় এর জন্য সর্বোচ্চ দর সেই ঘাটের ১ম বৎসরের জন্য ডাকের অর্থ ধার্য্য হবে , ১ম বৎসরের ধার্য্য ডাকের অর্থের উপর ১০ শতাংশ বৃদ্ধি করে দ্বিতীয় বৎসরের ডাকের অর্থ ধার্য্য হবে, ২য় বৎসরের ধার্য্য ডাকের অর্থের উপর ১০ শতাংশ বৃদ্ধি করে তৃতীয় বৎসরের ডাকের অর্থ ধার্য্য হবে, ৩য় বৎসরের ধার্য্য ডাকের অর্থের উপর ১০ শতাংশ বৃদ্ধি করে চতুর্থ বৎসরের ডাকের অর্থ ধার্য্য হবে, চতুর্থ বৎসরের ধার্য্য ডাকের অর্থের উপর ১০ শতাংশ বৃদ্ধি করে পঞ্চম বৎসরের ডাকের অর্থ ধার্য্য হবে ।

২. সর্বোচ্চ দরদাতাকে অগ্রিম অর্থ বাদে বাকি অর্থ দরপত্র খোলার দিনেই নগদে অথবা ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে জিলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদের নামে জমা দিতে হইবে।দ্বিতীয় বৎসরের খাজনা (বর্দ্ধিত হারে) ১৫ ই অক্টোবর ২০২৫ এবং তৃতীয় বৎসরের (বর্দ্ধিত হারে) খাজনা ১৫ ই অক্টোবর ২০২৬ এবং চতুর্থ বৎসরের (বর্দ্ধিত হারে) খাজনা ১৫ ই অক্টোবর ২০২৭, এবং পঞ্চম বৎসরের (বর্দ্ধিত হারে) খাজনা ১৫ ই অক্টোবর ২০২৮ এর মধ্যে নগদে অথবা ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে পূর্ব বর্ধমান জিলা পরিষদের নামে জমা দিতে হইবে।

৩. প্রথম সর্বোচ্চ দরদাতাকে দরপত্র খোলার দিনেই ডাকের অর্থ জিলা পরিষদে জমা করতে হবে। যদি ডাকের সমস্ত অর্থ মিটিয়ে দিতে না পারেন , তবে ২য় সর্বোচ্চ দরদাতাকে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হবে। অনুরূপভাবে ২য় সর্বোচ্চ দরদাতাও যদি সমস্ত অর্থ মিটিয়ে দিতে না পারেন তবে তৃতীয় সর্বোচ্চ দরদাতাকে সুযোগ দেওয়া হবে এবং এই পক্রিয়া চলতে থাকবে। তবে যদি পাশাপাশি দরদাতার মধ্যে খুব বেশী টাকার পার্থক্য থাকে বা ১ম, ২য় এবং ৩য় সর্বোচ্চ দরদাতা সম্পূর্ণ দরের অর্থ মিটিয়ে দিতে অপরাগ হন, তবে সে ক্ষেত্রে জিলা পরিষদ কর্তৃপক্ষ ডাক পক্রিয়াটি বাতিল বলে ঘোষণা করতে পারবেন। সর্বোচ্চ দরদাতা সম্পূর্ণ অর্থ জমা না দিলে আমানত বাবদ অগ্রিম জমার টাকা বাজেয়াপ্ত করা হবে এবং ২য় ও ৩য় ডাককারীকে অনুরূপ সুযোগ দেওয়া হবে। আমানত বাবদ অগ্রিম জমার টাকা বাজেয়াপ্তের ক্ষেত্রে একই নিয়ম প্রযুক্ত হবে।

৪. অসফলকারী ডাকদাতাগনের জমিন জমার টাকা জিলা বাস্তুকারের বিবেচনা মত ডাক শেষ হইবার পর ফিরত দেওয়া যাইতে পারে।

৫. পূর্বতন ইজারাদারের টাকা বাকী থাকলে ঐপুকুরের ডাকের পূর্বদিনের বকেয়া টাকা পরিষদ অফিসে জমা না দিলে তিনি ডাকে অংশগ্রহণ করতে পারবেন না

৬. যে সব দরদাতা পুকুর/বিল/জলাশয় দখলের সুযোগ পাওয়ার পর পুকুর/বিল/জলাশয় নিতে অস্বীকার করবেন তাদের আমানত বাবদ জমার টাকা বাজেয়াপ্ত করা হবে, কোন প্রকার প্রতারনার জন্য ভারতীয় দন্ডবিধি অনুসারে দন্ডনীয় হবেন এবং পুকুর/বিল/জলাশয় নিলাম হলে তাতে জিলা পরিষদের যে ক্ষতি হবে তার জন্য তিনি দায়ী থাকবেন।

৭. যদি কোন দরদাতা নিজ নাম গোপন করে কাল্পনিক নামে আবেদন করেন অথবা নোটিশের বা এগ্রিমেন্টের শর্ত অথবা জিলা পরিষদের আদেশাদি পালন না করেন অথবা অন্য কোন প্রকারে জিলা পরিষদকে প্রতারিত করার চেষ্টা করেছেন বলে প্রমানিত হয় তবে তিনি আইন অনুসারে দন্ডনীয় হবেন।

৮. যিনি/যারা ইজারাদার নিযুক্ত হবেন তিনি/তারা ইজারা পাবার ৭ দিনের মধ্যে ২০.০০ (কুড়ি) টাকা মাত্র Non-Judicial Stamp এ জিলা পরিষদের নির্দিষ্ট চুক্তিপত্রে চুক্তি সম্পাদন করবেন অন্যথায় পুকুর/বিল/জলাশয় এর দখলি পরোয়ানা দেওয়া যাবে না এবং যিনি এই পরোয়ানা না নিয়ে পুকুর/বিল/জলাশয় দখল করবেন তিনি অনধিকার প্রবেশের জন্য দন্ডনীয় হবেন।

৯. পুকুর/বিল/জলাশয় এর সমূহের নিলাম ডাক জিলাপরিষদের কর্তৃপক্ষের অনুমোদনের পর দখল দেওয়া হইবে।যদি কোন পুকুর/বিল/জলাশয় এর নিলাম ডাক কর্তৃপক্ষের অনুমোদন না পায় তাহা হইলে পুনরায় নিলাম ডাকা হইবে ও নিলাম ডাকের আইন মোতাবেক কার্যকর হইবে। পুকুর/বিল/জলাশয় এর ইজারা বিলি জিলা পরিষদের মঞ্জুরী সাপেক্ষে।

১০. জেলা প্রশাসন বা জিলা পরিষদ যে কোন সময় পুকুর/বিল/জলাশয় ব্যবস্থাদি সরজমিনে তদারকি করিতে পারে এ বিষয়ে ইজারাদারকে সর্বদা সতর্ক থাকতে হবে।

<u>পুকুর /বিল /জলাশয় রক্ষনাবেক্ষণ সংক্রান্ত শর্তাবলী ও নিয়মকানুন নিম্নরূপ:-</u>

ক) পুকুর, বিল বা জলাশয়ের প্রাকৃতিক ভারসাম্য তথা বাস্তুরীতি বজায় রাখতে হবে।

খ) জলাশয়ে কোনপ্রকার অপচনশীল আবর্জনা (প্লাস্টিক, থার্মকল, ঔষধের মোড়ক ইত্যাদি) তথা কোনপ্রকার নোংরা ফেলা যাবে না।

গ) পার্শ্ববর্তী বসতি থেকে কোন প্রয়ঃপ্রণালীর জল জলাশয়ে যাতে না পড়ে সে দিকে সর্বদা নজর রাখতে হবে।

ঘ) পুকুর বিল বা জলাশয় শুধুমাত্র মাছ চাষের জন্য ব্যবহার করা যাবে।

ঙ) পুকুর বিল বা জলাশয়ের পাড়ে কোনোরকম নির্মান কার্য্য করা যাবে না ।

চ) পুকুর, বিল বা জলাশয়ের ক্ষতি হয় এমন কোন রাসায়নিক পদার্থ ব্যবহার করা যাবো

ছ) পুকুর, বিল বা জলাশয় সর্বদা কচুরিপানা মুক্ত রাখতে হবে।

30/09/2024.

জিলা বাস্তুকার

পূর্ব বর্ধমান জিলা পরিষদ

স্মারক সংখ্যা: ১৭৩৯/৫২ তারিখ: ৩০/৯/২০২৪

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে প্রেরিত হলো:-

১. সভাধিপতি, পূর্ব বর্ধমান জিলা পরিষদ।

২. জেলা সমাহর্তা, পূর্ব বর্ধমান তথা নির্বাহী আধিকারীক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ।

৩. পুলিস সুপার, পূর্ব বর্ধমান

৪.সহকারী- সভাধিপতি, পূর্ব বর্ধমান জিলা পরিষদ।

৫. অতিরিক্ত নির্বাহী আধিকারীক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ।

৬. জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারীক, পূর্ব বর্ধমান

৬. জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারীক, পূর্ব বর্ধমান

৭. সচিব, পূর্ব বর্ধমান জিলা পরিষদ।

৮-১৬. কর্মাধ্যক্ষ (সকল) , পূর্ব বর্ধমান জিলা পরিষদ।

১৭-২০.মহকুমা শাসক ........................................ ........ , পূর্ব বর্ধমান।

২১. অর্থ নিয়ামক ও মূখ্য হিসাব আধিকারীক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ।

২২-২৫. মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারীক, ........................................।

২৬. জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারীক, পূর্ব বর্ধমান।

২৭- ২৮. সহ বাস্তুকার (সকল), পূর্ব বর্ধমান জিলা পরিষদ।

২৯-৩৪ সভাপতি, ........................................ পঞ্চায়েত সমিতি, পূর্ব বর্ধমান।

৩৫-৪০. নির্বাহী আধিকারীক, ........................................ পঞ্চায়েত সমিতি, পূর্ব বর্ধমান।

৪১-৪৪. জে. ই. (পি অ্যান্ড আর ডি)/ টি এ, (এম জি এন আর ই জি এস), পূর্ব বর্ধমান জিলা পরিষদ।

৩৯.-৪৯ প্রধান, .............................. গ্রাম পঞ্চায়েত। আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ জানানো হচ্ছে।

৫০. ৫১. জিলা পরিষদ নোটিশ বোর্ড।

৫২. জিলা পরিষদের ওয়েব সাইট।

30/09/2024

জিলা বাস্তুকার

পূর্ব বর্ধমান জিলা পরিষদ

# দরপত্র ফরমেট

প্রতি:- জিলা বাস্তুকার

পূর্ব বর্ধমান জিলা পরিষদ

কারিগরি বিভাগ

কোর্ট কম্পাউন্ড, পূর্ব বর্ধমান , পিন- ৭১৩১০১

মহাশয়,

আপনার কার্যালয়ে গত তারিখের স্মারক সংখ্যা -ডি ই/ পুকুর / তাং- বিজ্ঞপ্তি অনুযায়ী আমি নিম্নলিখিত পুকুর/বিল/জলাশয়ের জন্য দরপত্র প্রদান করলাম।

১। পুকুর/বিল/জলাশয়ের নাম:-

২। দরপত্র প্রদানকারী ব্যক্তি /সোসাইটি /দল/গোষ্ঠীর নাম:-

৩। দরপত্র প্রদানকারী ব্যক্তি /সোসাইটি /দল/গোষ্ঠীর প্রকৃতি-

৪। দরপত্র প্রদানকারীর ঠিকানা:-

৫। প্রদেয় বাৎসরিক দর:- টা.................................... কথায় (........................................) টাকা মাত্র।

৬। বিজ্ঞপ্তি অনুসারে বাৎসরিক প্রদেয় দরের উপর ২০% আমানত বাবদ টাকা.............................. টাকা মাত্র কথায় (..........................................................................) টাকা ব্যাঙ্ক ড্রাফট মারফৎ দেওয়া হল।

৭। ব্যাঙ্ক ড্রাফট নং:-.......................................................................... তারিখ...............................

৮। দরপত্র প্রদানকারী ব্যক্তি আধার কার্ড, প্যানকার্ড নং:-......................................

(Self Attested Xerox জমা দিতে হবে)

৯)দরপত্র প্রদানকারী সোসাইটি /দল/গোষ্ঠীর রেজিস্টেশন নং:-.........................................

(Self Attested Xerox জমা দিতে হবে)

১০। দরপ্রদানকারী ব্যক্তি /সোসাইটি /দল/গোষ্ঠীর প্রধানের নাম ও মোবাইল নং:

বি দ্রঃ :- ১ । দরপত্র প্রদানকারী কোন ব্যক্তি হলে তার আধার কার্ড, প্যানকার্ড ও ভোটার কার্ডের এর জেরক্স কপি (Self Attested ) দরপত্রের সঙ্গে জমা দিতে হইবে।

২। দরপত্র প্রদানকারী কোন সংস্থা হলে তার সংস্থার রেজিস্টেশন কার্ড , প্যানকার্ড , জি এস টি এর জেরক্স কপি (Self Attested ) দরপত্রের সঙ্গে জমা দিতে হইবে।

বিনীত,

তারিখ:-

(দরপত্র প্রদানকারী ব্যক্তি /সোসাইটি /দল/গোষ্ঠীর প্রধানের স্বাক্ষর)

(দরপত্র প্রদানকারী ব্যক্তি /সোসাইটি /দল/গোষ্ঠীর প্রধানের সিল)